কর্ত্তব্যরূপে বোধ হয় এবং দ্বিতীয় স্কন্ধের দ্বিতীয় অধ্যায়ে শ্রীশুকবাক্য—"ভগবান্ ব্রহ্মকাৎস্ন্যেন" এই শ্লোকে "ভগবান্ শ্রীব্রহ্মা নিজ প্রজ্ঞাবলে নিখিলবেদের তাৎপর্য্য তিনবার সমালোচনা করিয়া ইহাই নিশ্চয় করিলেন যে—যাহার অনুষ্ঠান করিলে আত্মস্বরূপ শ্রীহরিতে প্রীতিলক্ষণা ভক্তির উদয় হয়, সেইটিই বেদের নিখিলকর্ত্তব্যোপদেশের মুকুটমণি।" এইরূপ অর্থবিচারে যদি বিপরীত ভাবনাত্যাজক মননযোগ্যতা ও মননাভিনিবেশ হয়, তবে তৎপরে দৃঢ় বিশ্বাসযুক্ত ভক্তগণ সেই প্রীতিলক্ষণা ভক্তিটি লাভ করিতে পারেন। অতএব শ্রুতিও শ্রবণ-মননাদির জন্য আগ্রহ করিতেছেন—সেই আত্মাকে দর্শন করিতে হইবে, শ্রবণ করিতে হইবে, মনন করিতে হইবে ও নিদিধ্যাসন করিতে হইবে।

এস্থলে দর্শন শব্দের অর্থ সাক্ষাৎকার, নিদিধ্যাসন শব্দের অর্থ উপাসনা। সেই পূর্ব্বকথিত লক্ষণাভক্তিটি হরিসন্তোষার্থে অনুষ্ঠিত স্বাভাবিকধর্ম্ম হইতেও লাভ হইয়া থাকে। অতএব সেই ধর্ম্মের হরিসন্তোষই যে পরম ফল, তাহাই বলিতেছেন। "হে দ্বিজশ্রেষ্ঠগণ! অতএব বর্ণ ও আশ্রমের বিভাগানুসারে পুরুষগণ কর্ত্তৃক নির্দ্দিষ্টভাবে অনুষ্ঠিত ধর্ম্মের ফল হরিসন্তোষ॥ ৮॥

"স্বনুষ্ঠিতস্য" —বহুযত্নেনাচ্ছিদ্রমুপার্জ্জিতস্য ইতি তুচ্ছে স্বর্গাদি ফলে তৎপ্রয়োগোঽতীব অযুক্ত ইতিভাবঃ। যদ্যপ্যেবং শ্রীহরিসন্তোষকস্যাপিধর্ম্মস্য ফলং শ্রবণাদিরুচিলক্ষণা ভক্তিরেব তৎপ্রবর্ত্তিতায়া ভক্তেশ্চানুগতা জ্ঞানবৈরাগ্যাদিগুণা ইত্যায়াতম্, তদাসাক্ষাৎ শ্রবণাদিরূপা ভক্তিরেব কর্ত্তব্যা, কিন্তত্তদাগ্রহেণেত্যাহ তস্মাদেকেন মনসা ভগবান্, সাত্বতাংপতিঃ। শ্রোতব্যঃ কীর্ত্তিতব্যশ্চ ধ্যেয়ঃ পূজ্যশ্চ নিত্যদা॥ ৯॥

"স্বনুষ্ঠিতস্য"—অর্থাৎ বহু প্রযত্নে নির্দ্দিষ্টভাবে উপার্জ্জিত ধর্ম্মের তুচ্ছ স্বর্গাদিফলোদ্দেশ্যে প্রয়োগ, অতীব অযুক্ত ইহাই স্বনুষ্ঠিত পদ প্রয়োগের তাৎপর্য্য। যদি এই প্রকারে শ্রীহরিসন্তোষার্থে স্বনুষ্ঠিত ধর্ম্মের হরিকথা শ্রবণাদিরুচি-লক্ষণাভক্তিই ফল, আবার সেই ভক্তি দ্বারা প্রবর্ত্তিত অর্থাৎ সঞ্জাত প্রীতিলক্ষণাভক্তির ও অনুগতভাবে জ্ঞান-বৈরাগ্যাদি গুণসমূহ উদিত হয়, এইরূপ পূর্ব্বোক্ত শ্লোকসমূহের তাৎপর্য্য বুঝা গেল। তাহা হইলে সাক্ষাৎ হরিকথা শ্রবণ-কীর্ত্তনাদিরূপা ভক্তিই করা কর্ত্তব্য। বৃথা ধর্ম্মাদি অনুষ্ঠানের আগ্রহ করিবার কি প্রয়োজন? এই অভিপ্রায়েই শ্রীসূতমুনি একটি শ্লোক বলিতেছেন অতএব একনিষ্ঠচিত্তে সর্ব্বদা ভক্তজনবল্লভ শ্রীভগবানকেই শ্রবণ করা, কীর্ত্তন করা, ধ্যান করা ও পূজা করা কর্ত্তব্য। ইতি শ্লোকার্থ॥ ৯॥

একেন কর্ম্মাদ্যাগ্রহশূন্যেন। শ্রবণমত্র নামগুণাদীনাং তথাকীর্ত্তনঞ্চ। তত্রৈবাস্তিম-ভূমিকাপর্য্যন্তাং সুগমাং শৈলীং বক্তুম্ ধর্ম্মাদিকষ্টনিরপেক্ষেণ যুক্তিমাত্রেণ তৎপ্রথম-